রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৩, ২০১১

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ বৈশাখ , ১৪১৮ বঙ্গাব্দ/২ মে, ২০১১ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১০৪-আইন/২০১১।—The Cantonments Act, 1924 (Act No. II of 1924), অতঃপর উক্ত Act বলিয়া অভিহিত, এর section 186 এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এর অধিকতর সংশোধনের উদ্দেশ্যে নিম্নরূপ খসড়া সংশোধনী উক্ত Act এর section 284 এর বিধান মোতাবেক প্রাক্-প্রকাশ করিল, যথা ঃ—

উক্ত উপ-আইনের—

(ক) অনুচ্ছেদ ৮ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৮। **ভবন নির্মাণ, পুনঃনির্মাণের ক্ষেত্রে পালনীয় শর্তাবলী।**—ইমারত নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) ইমারতের সম্মুখে, পশ্চাতে এবং দুই পার্শ্বের সীমানা হইতে যে পরিমাণ স্থান উন্মুক্ত রাখিতে হইবে তাহা নিম্নের তালিকা মোতাবেক নির্ধারিত হইবে ঃ—



মূল্য ঃ টাকা ২.০০

তালিকা

| ক্রমিক নং | সাইটের আয়তন | ইমারতের সম্মুখের সীমানা হইতে | ইমারতের পশ্চাৎ দিকের সীমানা হইতে | ইমারতের দুই পার্শ্বের সীমানা হইতে |
|---|---|---|---|---|
| ১। | দুই কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৫০ মিটার | ০.৯১ মিটার |
| ২। | তিন কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৫০ মিটার | ১.২৫ মিটার |
| ৩। | চার কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৭৫ মিটার | ১.২৫ মিটার |
| ৪। | পাঁচ কাঠা পর্যন্ত ও পাঁচ কাঠার অধিক | ১.৫০ মিটার | ২.০০ মিটার | ১.২৫ মিটার |

(খ) সীমানা প্রাচীরের (বাউন্ডারী ওয়াল) উচ্চতা রাস্তার লেভেল হইতে ২.০০ মিটার এর অধিক হইবে না;

(গ) সাত তলার (ভূ-গর্ভস্থ তলা ব্যতীত) অধিক ইমারত নির্মাণ করা যাইবে না এবং সাত তলার ছাদ পর্যন্ত ভবনের উচ্চতা রাস্তার লেভেল হইতে ৭০ ফুটের অধিক হইবে না। সাত তলার ছাদে কেবল মাত্র জলাধার ও সিঁড়ি ঘর সর্ব্বোচ্চ ৭ (সাত) ফুট উচ্চতা পর্যন্ত নির্মাণ করা যাইবে এবং ভবনের জন্য লিফ্‌ট ব্যবহারের ক্ষেত্রে ৭ তলার ছাদের উপর কেবল মাত্র একটি মেশিন রুম নির্মাণ করা যাইবে যাহার উচ্চতা ১৩ (তের) ফুট পর্যন্ত হইবে। সাত তলা ভবনের অতিরিক্ত একটি ভূ-গর্ভস্থ তলা (বেসমেন্ট ফ্লোর) নির্মাণ করা যাইবে;

(ঘ) বিমান বন্দর, মাইক্রোওয়েভ স্টেশন, টেলিযোগাযোগ স্টেশন, গুরুত্বপূর্ণ স্থাপনা অথবা অন্যান্য বিশেষ কাঠামোর নিকটবর্তী এলাকায় ইমারতের উচ্চতা স্ব-স্ব কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিধিতে উল্লিখিত সীমা অতিক্রম করিবে না;

(ঙ) দফা (গ) তে যাহা কিছুই থাকুক না কেন, ব্যক্তিমালিকানাধীন নহে এইরূপ ছয় তলার অধিক (বেসমেন্ট ফ্লোরসহ) বহুতল ভবন, কল্যাণমূলক বা বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মাণের ক্ষেত্রে, সামরিক বা বেসামরিক বিমানের বর্তমান ও ভবিষ্যৎ চলাচল কোনভাবে বাধাগ্রস্ত বা ঝুঁকিপূর্ণ নহে মর্মে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ বিমান বাহিনীর নিকট হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে, রাস্তার লেভেল হইতে ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত (সিঁড়িঘর, জলাধার বা লিফ্‌টসহ) ভবন নির্মাণ করা যাইবে;

(চ) নদীর ধার, বৃহৎ জলাধার, বাগান, ঐতিহাসিক এবং বিশেষ গুরুত্বপূর্ণ এলাকার অবস্থার প্রেক্ষিতে ইমারতের উচ্চতার উপর বোর্ড বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে;

(ছ) বিদ্যমান ছয় তলা ভবনে সপ্তম তলা নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হইতে সংশোধিত নকশা অনুমোদন করাইয়া নিতে হইবে;

(জ) প্লটের সম্মুখভাগে সর্বোচ্চ ৬০ (ষাট) বর্গফুট আয়তনের একটি গার্ডরুম ও গার্ডরুমের সহিত সংযুক্ত একটি টয়লেট নির্মাণ করা যাইবে যাহার উচ্চতা সর্বোচ্চ ৮'—০" পর্যন্ত হইবে।"

(খ) অনুচ্ছেদ ৮গ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৮গ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৮গ। **ভূ-গর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ।**—ভূ-গর্ভস্থ তলা নির্মাণ করিবার সময় ইমারত নির্মাণকারী প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না করিবার ফলে পার্শ্ববর্তী কোন ইমারত ক্ষতিগ্রস্ত হইলে উক্ত ইমারতের মালিক উক্ত ইমারত নির্মাণকারীর নিকট হইতে বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল কর্তৃক নির্ধারিত হারে ক্ষতিপূরণ প্রাপ্ত হইবেন।"

(গ) অনুচ্ছেদ ৮গ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ৮ঘ সংযোজিত হইবে, যথা ঃ—

"৮ঘ। **অনুচ্ছেদ ৮ক, ৮খ এবং ৮গ এর বিধানের প্রয়োগ ও প্রযোজ্যতা।**—এই উপ-আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, অনুচ্ছেদ ৮ক, ৮খ এবং ৮গ এর বিধানাবলী নিম্নবর্ণিত এলাকা ও স্থানে প্রযোজ্য হইবে, যথা ঃ—

(১) ঢাকা সেনানিবাসের এখতিয়ারাধীন ক্যান্টনমেন্ট ও ............. (ডিওএইচএস) এলাকা;

(২) পরবর্তীতে নূতন কোন এলাকায় সৃষ্ট ............... (ডিওএইচএস)।"

২। উপরে বর্ণিত সংশোধনী দ্বারা কোন ব্যক্তি বা সংস্থা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে উক্ত ব্যক্তি বা সংস্থা উক্তরূপ সম্ভাবনার কারণ লিপিবদ্ধ করিয়া আপত্তি অথবা প্রস্তাবিত সংশোধনীর বিষয়ে কোন পরামর্শ থাকিলে উক্ত পরামর্শ, এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করিলে উক্ত আপত্তি বা পরামর্শ বোর্ড কর্তৃক বিবেচনা করা হইবে, অন্যথায় উহা চূড়ান্তভাবে জারী করা হইবে।

বোর্ডের আদেশক্রমে

**মোঃ নাজমুছ সাদাত সেলিম**
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd